দৈনিক ইত্তেফাক

MAR. 25 2002

# ছাত্রদল নেতাসহ ঢাকায় চারজন খুন

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল রবিবার রাজধানীতে এক ছাত্রদল নেতাসহ চার জন খুন হয়েছে। গতকাল দুপুরে হাতিরপুল ইস্টার্ন প্লাজা সংলগ্ন ফাস্ট ফুডের দোকান বিগ বাইটে কয়েকজন সন্ত্রাসী সামসুল আলম টিপুকে (২৮) রিভলবার ঠেকিয়ে পরপর ৪ রাউন্ড গুলী করে। ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নেয়ার পথে সে মারা যায়। নিহত টিপু মিরপুর থানা ছাত্রদলের সহ-সভাপতি। সে মিরপুর ১-এর বি ব্লকের ১ নম্বর

(২য় পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## …ল নেতাসহ ৪ জন

(প্রথম পৃঃ পর)

লেনের বাসিন্দা আব্দুস সালামের পুত্র। টিপুর বড় ভাই সেলিম রেজা জানান, গতকাল সকালে টিপু মিরপুরের বাসা থেকে তার বড় ভাইয়ের হাতিরপুলস্থ ব্যবসা প্রতিষ্ঠানে আসে। দুপুরে কয়েকজন যুবক তাকে ডেকে নিয়ে যায়। যুবকরা তাকে বিগ বাইটে নেয়া মাত্রই আগে থেকে ভিতরে অপেক্ষমাণ কয়েকজন সন্ত্রাসী টিপুর মাথা ও বুকে রিভলবার ঠেকিয়ে ৪ রাউন্ড গুলী করে। টিপু দোকানে লুটিয়ে পড়ে। দোকানের খদ্দেররা আতঙ্কিত হয়ে আত্মরক্ষার জন্য দ্রুত বেরিয়ে পড়ে। আশপাশের দোকানপাট এবং যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। গুলীর শব্দ পেয়ে টিপুর ভাই বিগ বাইটে গিয়ে তাকে অচেতন অবস্থায় পড়ে থাকতে দেখেন। হত্যাকাণ্ডের মোটিভ সম্পর্কে টিপুর ভাই কিছুই জানেন না বলে জানান। পুলিশ জানায়, টিপু বেশিরভাগ সময় হাতিরপুলেই থাকতো এবং এলাকার চাঁদাবাজির সঙ্গে সে জড়িত ছিল। চাঁদার ভাগাভাগি নিয়ে তাকে হত্যা করা হয়েছে বলে পুলিশ জানায়। এছাড়াও মিরপুরে আওয়ামী লীগ কর্মী শাহ জালাল হত্যাকাণ্ডের জের হিসেবে টিপুকে হত্যা করা হতে পারে বলে পুলিশ ধারণা করছে। হত্যাকাণ্ডে জড়িত সন্দেহে রুমি নামে এক যুবককে গ্রেফতার করা হয়েছে।

এদিকে গতকাল বিকেলে পল্লবী থানার বটতলায় সন্ত্রাসীর গুলীতে রমজান নামে এক যুবক নিহত হয়েছে। নিহত রমজান ব্যবসা করতো বলে আত্মীয়-স্বজনরা জানান। হত্যাকাণ্ডের কারণ সম্পর্কে তারা কিছুই বলতে পারেননি। পুলিশ জানায়, পল্লবী থানার সন্ত্রাসী তালিকার ৩৭ নম্বরে রমজানের নাম ছিল এবং তার বিরুদ্ধে এ থানায় ৬টি মামলা রয়েছে। সে সন্ত্রাসী কাউয়া গ্রুপের সদস্য ছিল। এ গ্রুপের সদস্য শনিবার ছাড়া পাওয়া রতনের নেতৃত্বেই কয়েকজন সন্ত্রাসী বেবীট্যাক্সিযোগে এসে রমজানকে গুলী করে পালিয়ে যায় বলে পুলিশ জানায়।

গতকাল সন্ধ্যায় গোপীবাগ ব্রাদার্স ক্লাবের নিকট সন্ত্রাসীর গুলীতে সেলিম ওরফে স্বপন (২৫) আহত হয়। ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নেয়ার পথে সে মারা যায়। নিহত স্বপনের চাচাতো ভাই রফিকুল ইসলাম জানায়, সন্ধ্যায় ব্রাদার্স ক্লাবের নিকট মনা নামে এক সন্ত্রাসী স্বপনকে গুলী করে হত্যা করেছে। হত্যাকাণ্ডের কারণ জানা যায়নি। নিহত স্বপন অভয়দাস লেনের বাসিন্দা নুরু মিয়ার পুত্র। পুলিশ জানায়, স্বপনের বিরুদ্ধে সন্ত্রাসী কর্মকাণ্ডের অভিযোগ রয়েছে। অভ্যন্তরীণ দ্বন্দ্বের কারণে তাকে হত্যা করা হয়েছে। এ ব্যাপারে সূত্রাপুর থানায় এজাহার দায়ের করা হয়।

আগারগাঁও তালতলা বস্তিতে পিতার আঘাতে আহত সাদ্দাম (৮) নামে একটি শিশু গতকাল ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে মারা যায়। পুলিশ জানায়, গত শনিবার সন্ধ্যায় উক্ত বস্তিতে অপর এক শিশুর সঙ্গে সাদ্দামের ঝগড়া হলে তার পিতা আব্দুল আউয়াল সাদ্দামকে মারধর করে এবং এক পর্যায়ে মাথায় আঘাত করলে সে জ্ঞান হারিয়ে ফেলে। তাকে সংজ্ঞাহীন অবস্থায় উদ্ধার করে উক্ত হাসপাতালে নিয়ে যায়। সাদ্দাম হত্যাকাণ্ডে মা কমলা বেগম তার পিতাকে